



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

স্মারক নং- রাশিবো/ভর্তি/৭/কনি/০১/(৪র্থ)/২১৪

তারিখ : ১৫/০৮/২০২৪

জরুরী বিজ্ঞপ্তি

সূত্র: স্মারক নং- ২২৭/ক/শিম/২০১২(কলেজ)/১৩১৫

তারিখ : ১৫/০৮/২০২৪

বিষয়: ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে সর্বশেষ ৪র্থ পর্যায়ে Online এর মাধ্যমে ভর্তির আবেদন, ফল প্রকাশ, নিশ্চয়ন ও কলেজে ভর্তির সময়সীমা পুনরায় বৃদ্ধি প্রসঙ্গে।

শিক্ষার্থী, অভিভাবক ও বিভিন্ন কলেজের অধ্যক্ষগণের আবেদনের প্রেক্ষিতে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে Online এর মাধ্যমে পুনরায় সময়সীমা বৃদ্ধি করা হলো। আবেদন পদ্ধতি শিক্ষা বোর্ড সমূহের নির্ধারিত ভর্তি ওয়েবসাইট : (www.xiclassadmission.gov.bd) তে প্রদত্ত পূর্ণাঙ্গ নির্দেশিকা অনুসরণ করতে হবে। সংশ্লিষ্ট শিক্ষার্থী ও অভিভাবকদের কলেজে বিদ্যমান আসন সংখ্যা দেখে সর্বনিম্ন ০৫ (পাঁচ) টি ও সর্বোচ্চ ১০ (দশ) টি কলেজে আবেদন করতে হবে।:

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে (সর্বশেষ) ৪র্থ ধাপে Online এর মাধ্যমে ভর্তির জন্য নিম্নোক্ত বর্ধিত সময়সূচি অনুসরণ করতে হবে :

ক্রমিক	বিষয়	তারিখ
১.	৪র্থ (সর্বশেষ) পর্যায়ের আবেদন গ্রহণ	১৫/০৮/২০২৪ (বৃহস্পতিবার) থেকে ১৮/০৮/২০২৪ (রবিবার রাত ১০:০০ টা পর্যন্ত)
২.	৪র্থ (সর্বশেষ) পর্যায়ের আবেদনের ফল প্রকাশ	২১/০৮/২০২৪ (বুধবার রাত ৮:০০ টায়)
৩.	৪র্থ (সর্বশেষ) পর্যায়ের শিক্ষার্থীর Selection নিশ্চয়ন	২২/০৮/২০২৪ (রবিবার) থেকে ২৪/০৮/২০২৪ (সোমবার রাত ৮:০০ পর্যন্ত)
৪.	কলেজ ভর্তি	২৫/০৮/২০২৪ (মঙ্গলবার)

বিঃদ্র: উল্লেখ্য, “২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা-২০২৪” অনুসরণপূর্বক অনলাইন ব্যতীত ম্যানুয়ালী কোন ভর্তি করা হবে না। এ বিষয়ে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান, অভিভাবক ও শিক্ষার্থীদের পুনরায় অবহিত করা যাচ্ছে।

চেয়ারম্যানের আদেশক্রমে

মো. এনামুল হক ০১৫২৫৮

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

ফোন : ০২৫৮৮৮৫৫৯৬৩

অধ্যক্ষ/প্রাপক শিক্ষক

উচ্চ মাধ্যমিক পর্যায়ের সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান